ঢাকা ওয়াসা

(১) দাশেরকান্দি পয়ঃশোধনাগারের আওতায় ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা (এপিপি)'র কপি।
(২) প্রস্তুতকৃত Drawing.
(৩) প্রস্তুতকৃত Calculation Sheet.
(৪) প্রস্তুতকৃত Specification.
(৫) দর সংগ্রহের জন্য স্থানীয় প্রতিষ্ঠান বরাবর প্রেরিত পত্রের স্মারক নং-৪৬.১১৩.৬৩৭.০০.০০.০৭৩.২০২৫.১৬৩; তারিখঃ ১১/০৮/২০২৫ইং।
(৬) M/S. Al-Rashid Enterprise হতে প্রাপ্ত পত্রের স্মারক নং- নাই; তারিখঃ ১৩/০৮/২০২৫ইং।
(৭) Faisal Enterprise হতে প্রাপ্ত পত্রের স্মারক নং- নাই; তারিখঃ ১৪/০৮/২০২৫ইং।
(৮) M/S. Al Hasib Engineering & Technology হতে প্রাপ্ত পত্রের স্মারক নং- নাই; তারিখঃ ১৬/০৮/২০২৫ইং।
(৯) প্রাপ্ত দরের ভিত্তিতে প্রস্তুতকৃত তুলনামুলক বিবরণী।
(১০) প্রস্তুতকৃত প্রাক্কলন।

বিষয়ঃ "Construction of shades in Car Parking place, UV disinfection chamber, AAO tank, Fine screen etc. for Dasherkandi STP, Dhaka WASA" শীর্ষক কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

ক্রমিক নং -১ হতে ১০ দেখা যেতে পারে। ঢাকা মহানগরবাসীর শতভাগ পয়ঃ সেবা প্রদানের লক্ষ্যে চীনা EXIM Bank এর অর্থায়নে চীনা রাষ্ট্রায়ত্ব ঠিকাদারী প্রতিষ্ঠান HydroChina Corporation কর্তৃক EPC/Turnkey পদ্ধতিতে ঢাকা ওয়াসার দাশেরকান্দি পয়ঃশোধনাগার বাস্তবায়ন শেষে গত ০১/০৭/২০২৩ খ্রিঃ হতে ঢাকা ওয়াসার তত্ত্বাবধানে Operation & Maintenance কার্যক্রম চলমান রয়েছে।

০২। আলোচ্য পয়ঃশোধনাগারটি দক্ষিণ এশিয়ার মধ্যে অন্যতম বৃহত্তম এবং বাংলাদেশের সর্ববৃহৎ ও সর্বপ্রথম অত্যাধুনিক প্রযুক্তি সম্পপন্ন পয়ঃশোধনাগার। পয়ঃশোধনাগারটির Operation কার্যক্রম Automation system ও Local mode -এ পরিচালনা করা হয়। PLC Cabinet সমূহ যেমন- AAO Tank, UV Disinfection Chamber, Fine Screen & Vortex Grid Chamber ইত্যাদি পয়েন্টে খোলা আকাশের নীচে বিদ্যমান রয়েছে, বিধায় বর্ণিত পয়েন্টের PLC Cabinet সমূহ ১টি নির্দিষ্ট তাপমাত্রায় পরিচালনা করা সম্ভব হচ্ছে না। ফলে খোলা আকাশের নিচে বিদ্যমান থাকায় অতিরিক্ত তাপমাত্রায় PLC Cabinet এর বিভিন্ন ধরনের যন্ত্রাংশ নষ্ট হয়ে যাচ্ছে। যার ফলে পয়ঃশোধনাগারের Operation কার্যক্রম নিরবিচ্ছিন্নভাবে চলমান রাখায় বিঘ্ন সৃষ্টি হচ্ছে। ইতোপূর্বে Trojan Technologies এর India office কর্তৃক আলোচ্য পয়ঃশোধনাগারের UV Disinfection system এর health checkup সহ সার্ভিসিং করার পরে ঢাকা ওয়াসায় উর্দ্ধতন কর্তৃপক্ষের সহিত মত বিনিময়ের সময় খোলা আকাশের নীচে স্থাপিত PLC System এর স্থায়ীত্ব বৃদ্ধির জন্য PLC Cabinet সমূহের উপর Shade নির্মাণ করে তন্মধ্যে AC স্থাপনের মাধ্যমে নির্দিষ্ট তাপমাত্রায় পরিচালনার বিষয়ে পরামর্শ প্রদান করেন। বর্তমানে বর্ণিত বিষয়টি বিবেচনায় নিয়ে Shade নির্মাণের জন্য Drawing ও Calculation sheet প্রস্তুতসহ দর সংগ্রহের জন্য ১টি Specification প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং- ২, ৩ ও ৪ দ্রঃ)। প্রস্তুতকৃত Specification অনুযায়ী একক দর সংগ্রহের লক্ষ্যে পত্র প্রেরনের মাধ্যমে স্থানীয় বাজার হতে ৩টি কোটেশন সংগ্রহ করা হয়েছে (ক্রমিক নং- ৫, ৬, ৭ ও ৮ দ্রঃ)। সংগৃহীত কোটেশনের ভিত্তিতে একটি তুলনামুলক বিবরণী প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং-৯ দ্রঃ)। বর্ণিত কাজ সম্পাদনের লক্ষ্যে প্রাপ্ত কোটেশনের ভিত্তিতে সর্বনিম্ন দরের আলোকে ১টি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং- ১০ দ্রঃ)। প্রাক্কলিত মোট মূল্য ৪৯,৯৮,৪০৬.০০ (উনপঞ্চাশ লক্ষ আটানব্বই হাজার চারশত ছয় টাকা) মাত্র। উল্লেখ্য, আলোচ্য কাজের ব্যয়ভার পয়ঃশোধনাগারের আওতায় ২০২৫-২০২৬ অর্থ বছরে প্রাপ্ত রাজস্ব বাজেটের Water & Sewage Treatment Plant (O&M) (01-04-011) খাত এবং অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং- ১৫৭ হতে নির্বাহ করা হবে।

০৩। এমতাবস্থায়, দাশেরকান্দি পয়ঃশোধনাগারের আওতায় Car Parking place, UV disinfection chamber, AAO tank, Fine screen সহ বিভিন্ন স্থাপনায় Shade নির্মাণের নিমিত্তে "Construction of shades in Car Parking place, UV disinfection chamber, AAO tank, Fine screen etc. for Dasherkandi STP, Dhaka WASA" শীর্ষক কাজটি e-GP প্রক্রিয়ায় PPR-2008 এর ধারা ৬৩ অনুসারে সীমিত দরপত্র পদ্ধতি (LTM)-তে CPTU এর Standard Tender Document (STD) এর ePW-3 অনুসরনে বাস্তবায়নের নিমিত্তে মোট ৪৯,৯৮,৪০৬.০০ (উনপঞ্চাশ লক্ষ আটানব্বই হাজার চারশত ছয় টাকা) মাত্র'র প্রাক্কলনটির আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন দেয়া যেতে পারে। উল্লেখ্য, আলোচ্য কাজের প্রাক্কলন অনুমোদনের ক্ষমতা ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আওতাধীন।

সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হল।

২৫/০৮/২০২৫
মনমথ রায়
উপ-সহকারী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।

25.08.2025
মোঃ হাবিবুর রহমান রনি
সহকারী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।

25/08/2025
মোঃ মোমতাজুর রহমান
নির্বাহী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।

SE(WESTPE)

25/08/25
মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।

CE

২৫/৮
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা

DMD (O+M)

৪৯,৯৮,৪০৬.০০
অনুমোদন দেওয়া যেতে পারে।
26/8/2025
(প্রকৌঃ এ.কে.এম. সহিদ উদ্দিন)
উপ ব্যবস্থাপনা পরিচালক (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

MD.
২৬/০৮/২৫
মোঃ শাহজাহান মিয়া
অতিরিক্ত সচিব
ও
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

১৫৭৮ .....সিসি
তাং- ০৪/০৯/২০২৫